গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ : ২০/০৭/২০২৫খ্রি.

**২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পূর্বে) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৭/০৭/০২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পূর্বে)** গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার অনলাইনে ফরম পূরণ, ফিসের টাকা জমা ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ :

**অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও জমাদানে শেষ তারিখ : ৩০/০৭/২০২৫খ্রি.**
**বিভাগ কর্তৃক অনলাইনে ফরম পূরণ নিশ্চিতকরণ (ভেরিফাইড) ও বিবরণী জমাদানের শেষ তারিখ : ৩১/০৭/২০২৫খ্রি.**

**শুধুমাত্র গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার ফি**

| ক্রমিক | বিষয় | পত্র সংখ্যা | ফিস (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সকল বিষয় পূর্ণ পত্র | ১ | ১৪৫০/- | |
| ০২ | সকল বিষয় অর্ধ পত্র | ১ | ১৩৭০/- | |

**বি: দ্রঃ পরবর্তী প্রতি পূর্ণ পত্রের জন্য ২০০/- ও প্রতি অর্ধ পত্রের জন্য ১৪০/- হারে অতিরিক্ত যোগ করে ফি জমা দিতে হবে এবং ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ জন প্রতি ১৩০/- হারে (প্রযোজ্য ক্ষেত্রে) যোগ করে জমা দিতে হবে।**

১। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (বাটন ক্লিক করে সাইট আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে স্ব-স্ব বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে ২০২৩ সালের ৩য় বর্ষের পরীক্ষার প্রবেশপত্র, অনলাইন ফলাফল শিট ও টাকা জমার রশিদসহ নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

## মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সে পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২২ সনে ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় যারা অনিয়মিত হিসেবে ১ম বারের মত অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২৩ সালের তৃতীয় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোসে (C বা D ) মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন শিক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। উল্লেখ্য যে, মৌখিক, ব্যবহারিক, ইনকোর্স পরীক্ষার গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

চলমান পাতা-০২

Kamruzzamn

## বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

খ) ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ও ২০১৫-২০১৬ সনে যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৪র্থ বর্ষে অংশগ্রহণ করেছে কিন্ত ৩য় বর্ষে এক বা একাধিক কোর্সে গ্রেড F ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩। ফরম পূরণের ফি জমা দেয়া:

ক) ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ বিশেষ পরীক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়ার (www.enencollege.eshiksabd.com) এ প্রবেশ করে তথ্য ফরম পূরণ করতে হবে (যাদের তথ্য ফরম পূরণ করা আছে তাদের প্রয়োজন নেই) তথ্য ফরম পূরণের জন্য "edenstudent " ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। তথ্য ফরম পূরণ করার পর "উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন" মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। মানোন্নয়ন শিক্ষার্থীরা উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে নিজে পরীক্ষার পত্র ও ফি নির্ধারণ করবে। ফি নির্ধারণের নির্দেশনা বিভাগে প্রেরণ করা হয়েছে।

**৪। বিভাগের করণীয় :**

ক) বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৭/০৭/২০২৫ তারিখে ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন।

খ) বিভাগের জমাকৃত ফরম যাচাই-বাচাই করে অনলাইনে ভেরিফাইড পূর্বক বিবরণী, ফরম ও হিসাব তালিকা আগামী ৩১/০৭/২০২৫ইং তারিখে মধ্যে রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

২০/৭/২৫

(অধ্যাপক ড. শামছুন নাহার

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

২০/৭/২৫

**কার্যার্থে :**

১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৩। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৫। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৬। সংরক্ষণ নথি।

Kamruzzamn